দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 17 1999
পৃষ্ঠা 12 কলাম 4

65

# বিশ্ববিদ্যালয় নতুন সাজে সজ্জিত॥ সাড়ে পাঁচ হাজার পুলিশ মোতায়েন॥ নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবস্থা

শংকর কুমার দে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উপলক্ষে নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। শনিবারের সমাবর্তনে সাড়ে পাঁচ হাজার বিডিআর, পুলিশ, রায়ট পুলিশ, আমর্ড পুলিশ ব্যাটালিয়ন মোতায়েন করা হবে। বৃহস্পতিবার দুপুরে প্রায় দু'ঘণ্টা ধরে ঢাকা মহানগর পুলিশ কমিশনারের অফিসে সমাবর্তনের নিরাপত্তা নিয়ে বৈঠক হয়েছে। আজ শুক্রবার সকালে রাজারবাগ পুলিশ অডিটরিয়ামে নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের ব্রিফিং অনুষ্ঠান হবে।

সমাবর্তন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদান করা হবে। রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। উপস্থিত থাকবেন মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ, কূটনীতি বর্গ, ভিআইপিবৃন্দসহ কয়েক হাজার সম্ভ্রান্ত অভিজাত শ্রেণীর মানুষ। ঢাকা বিশ্ববিদ্যালয়কে এ জন্য নতুন সাজে সজ্জিত করা হচ্ছে।

সমাবর্তনের বিরোধিতা করে বিএনপির ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল হরতাল আহ্বান করেছে। মিটিং, মিছিল, কালো পতাকা ও বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এসব কর্মসূচী পালনকে কেন্দ্র করে ব্যাপক ধ্বংসাত্মক, নাশকতামূলক কর্মকাণ্ডের আশঙ্কায় পুলিশ নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায়ই মোতায়েন করা হবে দুই সহস্রাধিক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যকে। সাদা পোশাকে গোয়েন্দা সদস্যদের গিজ গিজ করতে দেখা যাবে। পলাশীর মোড়, দোয়েল চত্বর, টিএসসি, চানখার পুল, পিজি ক্রসিংসহ বিশ্ববিদ্যালয়ের প্রবেশ মুখে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নেয়া হয়েছে।

বিএনপি, যুবদল, ছাত্রদল কিংবা তাদের সমর্থকদের কোনপ্রকার মিটিং, মিছিল, বিক্ষোভ, কালো পতাকা প্রদর্শন করতে দেয়া হবে না। এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হলে কঠোর হস্তে দমন করা হবে বলে পুলিশ কর্মকর্তারা সিদ্ধান্ত নিয়েছেন।

সমাবর্তনে আগমনের জন্য বিদেশী কূটনীতিকরা শনিবার সকালে জমায়েত হবেন গুলশান জামে মসজিদ এলাকায়। পর্যাপ্ত পুলিশ এসকর্টে তাদের নিয়ে আসা হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে।

সমাবর্তনের দিন হরতাল আহ্বান করায় গোটা রাজধানীতে পুলিশের মোবাইল ডিউটি থাকবে। যেখানে বিশৃঙ্খলার চেষ্টা হবে সেখানেই তাৎক্ষণিক এ্যাকশনে যাবেপুলিশ।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদান উপলক্ষে তাঁর দল আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, শ্রমিক লীগ, কৃষক লীগ, মহিলা লীগসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন ব্যাপক কর্মসূচী গ্রহণ করছে। সমাবর্তনের দিন তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা মিছিলে মিছিলে জনতার জাগরণ সৃষ্টি করবে।